

# যুগান্তর

প্রিন্ট: ১৩ জুলাই ২০২৫, ১১:২১ এএম

## শিক্ষান্তর

# এসএসসিতে পাশের হারে টানা ১০ বছর এগিয়ে মেঝেরা



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১০ জুলাই ২০২৫, ০৩:২২ পিএম



ফাইল ছবি

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। বৃহস্পতিবার (১০ জুলাই) দুপুরে এ ফল প্রকাশ করা হয়। এ বছর গড় পাশের হার ৬৮ দশমিক ৪৫ শতাংশ।

তার মধ্যে ছাত্রদের পাশের হার ৭১.০৩ শতাংশ এবং ছাত্রদের পাশের হার ৬৫.৮৮ শতাংশ। সেই হিসাবে এবারও পাশের হারে এগিয়ে রয়েছে ছাত্রীরা। এ নিয়ে টানা ১০ বছর এসএসসিতে পাশের হারে এগিয়ে ছাত্রীরা।

বিগত ১১ বছরের এসএসসি ও সমমানের ফলাফল বিশ্লেষণে দেখা যায়, সর্বশেষ ২০১৫ সালে ছাত্রদের চেয়ে পাশের হারে এগিয়ে ছিল ছাত্রীরা। সে বছর ১১টি শিক্ষা বোর্ডে গড় পাশের হার ছিল ৮৭ দশমিক ০৪ শতাংশ।

তার মধ্যে ছাত্রদের পাশের হার ছিল ৮৭ দশমিক ৪১ শতাংশ এবং ছাত্রদের পাশের হার ছিল ৮৬ দশমিক ৬৪ শতাংশ। এরপর থেকে প্রতিবছর পাশের হারে এগিয়ে ছাত্রীরা।

**জিপিএ ৫ ও পাশের হার দুটোই কমেছে**